

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৪২

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১২. যিনি বলেন, তার উপর কাফফারাহ ওয়াজিব

بَابِ مَنْ قَالَ عَلَيْهِ الْكَفَّارَةُ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ ابْنِ جُرَيْجٍ عَنْ عَبْدِ الْكَرِيمِ عَنْ رَجُلٍ عَنْ ابْنِ عَنْ ابْنِ عَنْ عَبْدِ الْكَرِيمِ عَنْ رَجُلٍ عَنْ ابْنِ عَبْدَ الْقَطَعَ الدَّمُ فَنِصنْفُ دِينَارٍ عَنْ الْأَلُ وَإِذَا أَتَاهَا وَقَدْ انْقَطَعَ الدَّمُ فَنِصنْفُ دِينَارٍ عَنْ رَجُلٍ عَنْ ابْنِ

বাংলা

১১৪২. এক ব্যক্তি হতে বর্ণিত, ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন, 'সে ব্যক্তি যদি তার (হায়িযগ্রস্ত) স্ত্রীর সাথে রক্ত নির্গত হওয়া অবস্থায় মিলিত হয়, তবে সে এক দীনার সাদাকা করবে। আর যদি তার স্ত্রীর রক্ত বন্ধ হয়ে যায়, এমতাবস্থায় (পবিত্রতা অর্জনের পূর্বে) সে তার সাথে মিলিত হলে 'অর্ধ দীনার' সাদাকা করবে।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদে জাহালত (অজ্ঞাত পরিচয় রাবী) রয়েছে। (ফলে এর সনদ যয়ীফ)। এছাড়া এটি ইবনু আব্বাস পর্যন্ত মাওকুফ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন